ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩৮০৭</u>

আগরতলা,১৫ নভেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"দক্ষিণ জেলায় ডেঙ্গুর হানা,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১৪ নভেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ১২ নভেম্বর, ২০২৫ একজন (মহিলা) রোগী সাব্রুম মহকুমা হাসপাতালে জ্বরের ইতিহাস নিয়ে ভর্তি হন। প্রাথমিক র‍্যাপিড টেস্ট (NS1 অ্যান্টিজেন) পজিটিভ পাওয়া গেছে। তবে, শুধুমাত্র NS1 অ্যান্টিজেন টেস্ট পজিটিভ হলেই ডেঙ্গু নিশ্চিত বলা যায় না। প্রটোকল অনুযায়ী, নমুনাটি গোমতী জেলা হাসপাতালে ই.এল.আই.এস.এ. পরীক্ষার জন্য পাঠানো হয়েছে, যা একটি ডেঙ্গুর নিশ্চিতকরণ পরীক্ষা পদ্ধতি। পরীক্ষার ফলাফল এখনও প্রাপ্ত হয়নি। ফলাফল প্রাপ্ত হওয়ার পরই জানা যাবে রোগী ডেঙ্গু আক্রান্ত কিনা। বর্তমানে রোগীর শারীরিক অবস্থা স্থিতিশীল। তার সক্রিয় জ্বরের কোনও লক্ষণ পরিলক্ষিত হয়নি এবং রক্তের সকল প্যারামিটার স্বাভাবিক সীমার মধ্যে রয়েছে।

*****